

# 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫২৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪) রুকৃ'-সিজদা পরিপূর্ণ না করা, মেরুদন্ড সোজা করে না দাঁড়ানোর ব্যাপারে ভীতি প্রদর্শন ও একাগ্রতার সাথে নামায আদায় করার ব্যাপারে যে নির্দেশ এসেছে তার বর্ণনা

الترهيب من عدم إتمام الركوع والسجود وإقامة الصلب بينهما وما جاء في الخشوع

### আরবী

(صحيح لغيره) وَعَنْ أبي قتادة رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَسْوَأُ النَّاسِ سَرِقَةً الَّذِي يَسْرِقُ مِنْ صَلَاتِهِ ، قَالُوا : يَا رَسُولَ اللهِ ، وَكَيْفَ يَسْرِقُ مِنْ صَلَاتِهِ ، قَالُوا : يَا رَسُولَ اللهِ ، وَكَيْفَ يَسْرِقُ مِنْ صَلَاتِهِ ؟ قَالَ : لاَ يُتِمُّ رُكُوعَهَا وَلاَ سُجُودَهَا ، أَوْ قَالَ : لاَ يُقِيمُ صَلُلْبَهُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ. (رواه أحمد والطبراني وابن خزيمة في صحيحه والحاكم)

#### বাংলা

৫২৪. (সহীহ লি গাইরিহী) আবু কাতাদাহ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "সেই লোক নিকৃষ্ট চোর যে নামাযে চুরি করে। লোকেরা প্রশ্ন করল, হে আল্লাহর রাসূল! কিভাবে নামাযে চুরি করে? তিনি বললেনঃ "পরিপূর্ণরূপে রুকৃ'-সিজদা করে না।" অথবা তিনি বলেছেনঃ "রুকৃ'-সিজদায় পিঠকে সোজা করে না।"

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ৫/৩১০, ত্বাবরানী, ইবনে খুযাইমা ১/৩৩২ ও হাকেম ১/২২৯) হাকেম বলেন, হাদীছটির সন্দ সহীহ।

#### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

## 🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন